

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”



বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ২৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[ মূল্য সংযোজন কর ]

আদেশ

তারিখ : ০৯ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/২৪ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : প্রজাতন্ত্রী জার্মান সরকারের আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান ঢাকাস্থ “Kreditanstalt fur Wiederaufbau (KfW)” অফিসের জন্য আমদানিকৃত One Unit Toyota Land Cruiser 200 station Wagon GX-R V8 গাড়ির উপর প্রযোজ্য আগাম কর মওকুফকরণ সংক্রান্ত।

নং ২৫/মুসক/২০১৯—যেহেতু, প্রজাতন্ত্রী জার্মান সরকারের আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান ঢাকাস্থ “Kreditanstalt fur Wiederaufbau (KfW)” অফিসের জন্য আমদানিকৃত One Unit Toyota Land Cruiser 200 station Wagon GX-R V8 গাড়ির উপর প্রযোজ্য শুল্ক-করাদি মওকুফের জন্য অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং KfW কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করা হইয়াছে যার Proforma Invoice/Ref No-146465,  
Dated : 18-10-2019 এবং

২। যেহেতু, প্রজাতন্ত্রী জার্মান সরকারের আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান ঢাকাস্থ Kreditanstalt fur Wiederaufbau (KfW) অফিসের জন্য আমদানিকৃত One Unit Toyota Land Cruiser 200 station Wagon GX-R V8 গাড়ি অফিসিয়াল কাজে ব্যবহার হইবে;

( ১৪৪৭৯ )  
মূল্য : টাকা ৮.০০

৩। সেহেতু, One Unit Toyota Land Cruiser 200 station Wagon GX-R V8 এর উপর প্রযোজ্য আগাম কর জনস্বার্থে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২৬ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, এবং নিম্নবর্ণিত শর্তাবলি পরিপালন সাপেক্ষে মওকুফ করা হইল, যথা :—

#### শর্তাবলি

- (ক) প্রজাতন্ত্রী জার্মান সরকারের আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান ঢাকাস্ট্র Kreditanstalt fur Wiederaufbau (KfW) অফিসের জন্য আমদানিকৃত One Unit Toyota Land Cruiser 200 station Wagon GX-R V8 গাড়ি অফিসিয়াল কাজে ব্যবহার ব্যতীত কোনো বাণিজ্যিক বা অন্যবিধ কাজে ব্যবহার বা বিক্রয়/হস্তান্তর করা যাইবে না;
- (খ) আমদানিকৃত পণ্য শুল্ক মূল্যায়ন বিবিমালা, ২০০০ এর আলোকে যথাযথ মূল্যে ও এইচ. এস. কোডে শুল্কায়ন করিতে হইবে;
- (গ) শুল্কায়নের পূর্বে পণ্যের specification ও সঠিকতা সম্পর্কে নিশ্চিত হইতে হইবে;
- (ঘ) আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ অনুযায়ী পণ্য আমদানির জন্য প্রযোজ্য শর্তাদি এক্ষেত্রে পরিপালনীয় হইবে;
- (ঙ) জাতীয় রাজস্ব বোর্ডের পূর্বানুমতি ব্যতীত One Unit Toyota Land Cruiser 200 station Wagon GX-R V8 গাড়ি কোনো প্রকার স্থানান্তর/হস্তান্তর বা নিষ্পত্তি করা যাইবে না;
- (চ) প্রজাতন্ত্রী জার্মান সরকারের আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান Kreditanstalt fur Wiederaufbau (KfW) এর ঢাকাস্ট্র কার্যালয়কে সংশ্লিষ্ট Custom House এর কমিশনারের নিকট ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে অঙ্গিকারণামা দাখিল করিতে হইবে যে, আমদানিকৃত One Unit Toyota Land Cruiser 200 station Wagon GX-R V8 গাড়ি অফিসিয়াল কাজে ব্যবহৃত হইবে এবং কোনো প্রকার হস্তান্তর, ছুরি বা খোয়া গেলে উক্ত সংস্থা কর্তৃক আইন অনুযায়ী প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধে বাধ্য থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন  
প্রথম সচিব (মূসক নীতি)।